

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৪১১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩৫. প্রবৃত্তির অনুসারী, বিদ'আতী ও কলহপ্রিয় (তর্ক-বিতর্কপ্রিয়) লোকদের বর্জন করা প্রসঙ্গে

بَابُ اجْتِنَابِ أَهْلِ الْأَهْوَاءِ، وَالْبِدْعِ، وَالْخُصُومَةِ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ، عَنْ أَسْمَاءَ بْنِ عُبَيْدٍ، قَالَ: دَخَلَ رَجُلَانِ مِنْ أَصْحَابِ الْأَهْوَاءِ عَلَى ابْنِ سِيرِينَ فَقَالَ: يَا أَبَا بَكْرٍ نَحَدِّثُكَ بِحَدِيثٍ؟ قَالَ: «لَا»، قَالَا: فَتَقْرَأُ عَلَيْكَ آيَةٌ مِنْ كِتَابِ اللَّهِ؟ قَالَ: «لَا، لِنَقُومَانَ عَنِّي أَوْ لِأَقُومَنَّ»، قَالَ: فَخَرَجَا، فَقَالَ: بَعْضُ الْقَوْمِ. يَا أَبَا بَكْرٍ، وَمَا كَانَ عَلَيْكَ أَنْ يَقْرَأَ عَلَيْكَ آيَةٌ مِنْ كِتَابِ اللَّهِ تَعَالَى؟ قَالَ: «إِنِّي خَشِيتُ أَنْ يَقْرَأَ عَلَيَّ آيَةٌ فَيُحَرِّفَانَهَا، فَيَقْرَأُ ذَلِكَ فِي قَلْبِي

إِسْنَادُهُ صَحِيحٌ

বাংলা

৪১১. আসমা বিন উবাইদ বলেন: ইবনু সীরীন এর নিকট প্রবৃত্তির অনুসারীদের মধ্যকার দু'জন লোক প্রবেশ করে ইবনু সীরীনকে বলল: হে আবু বাকর! আমরা কি আপনাকে একটি হাদীস শোনাবো? তিনি বললেন: না। তখন তারা দু'জন বলল: তাহলে আমরা আপনাকে আল্লাহর কিতাব কুরআন থেকে একটি আয়াত পাঠ করে শোনাই? তিনি আবারও বললেন: না। হয় তোমরা আমার নিকট থেকে উঠে যাও, তা নাহলে আমি উঠব।

তিনি (বর্ণনাকারী) বলেন: তখন তারা দু'জন বের হয়ে গেলো। এরপর লোকদের কেউ তাকে বললো: হে আবু বাকর! আপনার কী হলো যে, তারা আপনার নিকট আল্লাহ তা'আলার কিতাবের একটি আয়াত পাঠ করতে চাইলো, (তবুও আপনি তা শুনতে অস্বীকার করলেন)? তিনি বললেন: আমি আশংকা করলাম যে, তারা আমার নিকট একটি আয়াত তিলাওয়াত করবে অতঃপর তার বিকৃত (মনগড়া) ব্যাখ্যা করবে, আর তা আমার অন্তরে স্থায়ীভাবে বসে যাবে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু বাত্তাহ, আল ইবানাহ নং ৩৯৮; লালকাঈ, শারহ্ উসুলুল ইতিকাদ নং ২৪২; আজুরী, আশ শরীয়া'হ পৃ: ৬২। আবার ইবনু ওযাদাহ, আল বিদ'আ নং ১৫০ অপর একটি যযীফ সনদে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69722>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন